বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং-৪০

তারিখ ঃ ০৪ কার্তিক ১৪২৬ / ২০ অক্টোবর ২০১৯

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

**আলু রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ৭, তারিখ ০৩ এপ্রিল ২০১৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী আলু রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদান অব্যাহত রাখার স্বার্থে বাংলাদেশ পটেটো এক্সপোর্টার্স এসোসিয়েশনের প্রত্যয়নপত্র দাখিল সংক্রান্ত উপরোক্ত সার্কুলারের বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগে মামলা (Civil Petition for Leave to Appeal No. 515/2019) নিষ্পত্তি না হওয়া পর্যন্ত আলু রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে রপ্তানিকারকের আবেদনের সাথে সংযোজনী-ক অনুসারে 'রপ্তানি উন্নয়ন ব্যুরো'র প্রত্যয়ন সনদপত্র দাখিল করতে হবে।

৩। বাণিজ্যিক ব্যাংকে কিংবা নিরীক্ষার জন্য অডিট ফার্মের নিকট অপেক্ষমান নগদ সহায়তার আবেদনসহ সার্কুলার জারির তারিখ হতে পরবর্তী আবেদনের ক্ষেত্রে এ নির্দেশনা কার্যকরী হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক।

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১২৩

সংযোজনী-ক

(এফই সার্কুলার নং-৪০/২০১৯ দ্রষ্টব্য)

রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রদেয় প্রত্যয়ন সনদপত্র।

আলু রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তির প্রত্যয়ন সনদপত্র।

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র এর নম্বর ঃ তারিখ ঃ মূল্য ঃ

৩। বিদেশী ক্রেতার নাম ও ঠিকানা ঃ

৪। বিদেশী ক্রেতার ব্যাংকের নাম ও ঠিকানা ঃ

৫। (ক) ইনভয়েস নম্বর ঃ তারিখ ঃ
(খ) ইনভয়েসে উল্লিখিত পণ্যের পরিমাণ ঃ মূল্য ঃ

৬। রপ্তানিকৃত আলুর সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) ঃ
পরিমাণ ঃ মূল্য ঃ

৭। রপ্তানি পণ্যের বিবরণ ঃ পরিমাণ ঃ মূল্য ঃ

৮। জাহাজীকরণের তারিখ ঃ গন্তব্য বন্দর ঃ

৯। ইএক্সপি নম্বর ঃ মূল্য ঃ তারিখ ঃ

১০। মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) ঃ

১১। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর ঃ তারিখ ঃ

১২। নীট এফওবি রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) ঃ

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, স্থানীয়ভাবে উৎপাদিত আলু উপরোক্ত ৬ নং ক্রমিকে উল্লিখিত সূত্র হতে সংগ্রহের মাধ্যমে রপ্তানির বিপরীতে নগদ সহায়তার জন্য উপরোক্ত অনুচ্ছেদগুলোতে উল্লিখিত বক্তব্য সঠিক ও নির্ভুল। বিদেশী ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো।

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষণাগুলোর যথার্থতা যাচাইয়ান্তে সঠিক পাওয়া গিয়েছে। ৭ নং ক্রমিকে উল্লিখিত ঘোষিত রপ্তানিমূল্য যৌক্তিক ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সংগে সংগতিপূর্ণ পাওয়া গিয়েছে এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়েছে। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের (নীট এফওবি মূল্য) ওপর নগদ সহায়তা পরিশোধের সুপারিশ করা হলো।

রপ্তানি উন্নয়ন ব্যুরো'র দুইজন উপযুক্ত কর্মকর্তার
স্বাক্ষর, তারিখ ও সীল

[কোন প্রকার ঘষামাজা, কাটাছেঁড়া বা সংশোধন করা হলে এ প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।]